ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

২৯-আগস্ট-২০২২ মাসের আন্তঃবিভাগীয় সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আতিকুল ইসলাম, মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
তারিখ : ১৪ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ ।। ২৯ আগস্ট ২০২২
সময় : সকাল ১১.৩০ ঘটিকায়
স্থান : হল রুম ৬ষ্ঠ তলা, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২।

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক"

১.১ প্রধান নির্বাহী কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতির অনুমতিক্রমে সভা শুরু করেন। তিনি বলেন সমন্বয় সভা একটি প্রতিষ্ঠানের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। একটি প্রতিষ্ঠানে বিশেষ করে সিটি কর্পোরেশনের মতো সেবামূলক প্রতিষ্ঠানে বহুমূখী কাজের চাপ থাকে। কাজের চাপে অনেক কাজ অনিস্পন্ন অবস্থায় থাকে কিংবা সময়মতো সম্পন্ন করা সম্ভব হয়না। এতে করে জনগণ হয়রানীর শিকার হয়। নিয়মের মধ্যে থেকে শতভাগ কাজ আদায়ে মাননীয় মেয়র মহোদয়ের নেতৃত্বে নানামূখী চ্যালেঞ্জ মোকাবেলা করে যাচ্ছে ডিএনসিসি। তিনি বলেন, কর্পোরেশনের প্রত্যেকটি বিভাগ খুবই গুরুত্বপূর্ণ। প্রত্যেক বিভাগের কাজ পর্যালোচনা এবং কর্পোরেশনের কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে এ সমন্বয় সভা আয়োজন করা হয়েছে। এ পর্যায়ে তিনি সভায় সূচনা বক্তব্য প্রদানের জন্য সভার সভাপতি মাননীয় মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনকে অনুরোধ করেন।

১.২ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বক্তব্য শুরু করেন। তিনি এ সভা আয়োজনের জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন, সমন্বয় সভা কাজে গতিশীলতা বৃদ্ধি করবে এবং কাজের শূন্যস্থান পূরণ করবে। সভায় উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, আমরা সবাই জনগণকে সেবা প্রদানের জন্য সরকার কর্তৃক বিভিন্ন দায়িত্বে নিয়োজিত আছি। দায়িত্ব সঠিকভাবে পালন করে জনগণকে সর্বোচ্চ সেবা প্রদান করতে হবে। সভাপতি প্রতি মাসে ০১ (এক) টি সমন্বয় সভা আয়োজনের জন্য বলেন। সমন্বয়ের মাধ্যমেই সঠিক পরিকল্পনা বাস্তবায়ন করলে টেকসই উন্নয়ন সম্ভব মর্মে তিনি সভাকে জানান।

১.৩ এ পর্যায়ে সভাপতি ০১ আগস্ট ২০২২ তারিখে অনুষ্ঠিত আন্তঃবিভাগীয় সমন্বয় সভার সিদ্ধান্তসমূহ এবং সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপনের জন্য সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনকে আহ্বান করেন। সচিব ০১ আগস্ট ২০২২ তারিখে অনুষ্ঠিত আন্তঃবিভাগীয় সমন্বয় সভার সিদ্ধান্তসমূহ এবং সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

২.০ **সভার সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | প্রতি মাসে অন্তত ০১ (এক) টি আন্তঃবিভাগীয় সমন্বয় সভার আয়োজন করতে হবে। | সচিব |

| | | |
|---|---|---|
| ২. | সম্পত্তি বিভাগে ১০ জন সার্ভেয়ার এর পদ সৃজনের জন্য আগামী ০১ মাসের মধ্যে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | সচিব<br>প্রধান সম্পত্তি কর্মকর্তা |
| ৩. | নবগঠিত বাজার সার্কেল এর সাংগঠনিক কাঠামোর প্রস্তাব সংক্রান্ত প্রেজেন্টেশন এক সপ্তাহের মধ্যে উপস্থাপন করতে হবে। | মোহাম্মদ আরিফুর রহমান<br>অতিরিক্ত প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা এবং তঃ প্রঃ (অঃদাঃ), টিইসি |
| ৪. | ডিএনসিসি'র মিরপুর-১০ গোলচক্কর এলাকায় ফুটপাথসমূহে হকারদের ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়টি আগামী ১৫ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে বাস্তবায়ন করতে হবে। | প্রধান নগর পরিকল্পনাবিদ<br>প্রধান সম্পত্তি কর্মকর্তা |
| ৫. | ডিএনসিসি'র ওয়ার্ডসমূহে ব্যাটারিচালিত অটোরিক্সা/ইজিবাইক জব্দের তালিকা আগামী কর্পোরেশন সভায় দাখিলের জন্য কাউন্সিলরগণ বরাবর পত্র প্রেরণ করতে হবে। | সচিব<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| ৬. | ডিএনসিসি'র আওতাধীন এলাকায় অবস্থিত ৫ তারকা, ৪ তারকা ও ৩ তারকা হোটেলসমূহ হতে নগর কর আদায়ের লক্ষ্যে আগামী সপ্তাহে সভা আয়োজন করতে হবে। | প্রধান রাজস্ব কর্মকর্তা |
| ৭. | সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের ই-নথি ব্যবহারে উদ্বুদ্ধ করার জন্য সেপ্টেম্বর মাসের মাঝামাঝি সময়ে মত বিনিময় সভার আয়োজন করতে হবে। | সচিব<br>সিস্টেম এনালিস্ট |
| ৮. | সকল বিভাগীয় প্রধান এবং আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণের সমন্বয়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) বিষয়ক সভার আয়োজন করতে হবে। | সচিব<br>সিস্টেম এনালিস্ট |
| ৯. | প্রধান প্রকৌশলী, প্রধান রাজস্ব কর্মকর্তা, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা,কর কর্মকর্তা, ATN-RK সহ রাজস্ব বিভাগের রেভিনিউ সুপারভাইজার এবং লাইসেন্স ও বিজ্ঞাপন সুপারভাইজারদের নিয়ে সভা আয়োজন করতে হবে। | প্রধান রাজস্ব কর্মকর্তা |
| ১০. | রাজস্ব বিভাগে ব্যবহারের জন্য ১০ (দশ) টি কম্পিউটার বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিস্টেম এনালিস্ট |
| ১১. | ক) ওয়ার্ডে গিয়ে রাজস্ব আদায়ের নিমিত্ত দিন ধার্য করার জন্য আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ কাউন্সিলর বরাবর পত্র প্রেরণ করবেন।<br>খ) নির্ধারিত দিনে রাজস্ব আদায়ের পাশাপাশি সংশ্লিষ্ট এলাকার মসজিদের ইমাম, বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানের প্রধান, বীর মুক্তিযোদ্ধা, শিক্ষক, দোকান মালিক সমিতির লোকসহ বিভিন্ন পেশার গণ্যমান্য ব্যক্তিবর্গের সঙ্গে মাননীয় মেয়র মতবিনিময় সভা করবেন। সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ উক্ত মতবিনিময় সভার আয়োজন করবেন। | সম্মানিত কাউন্সিলর (সকল)<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| ১২. | জন্মনিবন্ধন কার্যক্রমটি ওয়ার্ড কার্যালয়ে প্রেরণের জন্য রেজিস্ট্রার জেনারেলের কার্যালয় কর্তৃক চাহিত তথ্যাদি যথাযথভাবে প্রেরণের নিমিত্ত সকল ওয়ার্ড সচিবদের নিয়ে দ্রুততম সময়ের মধ্যে সভা আয়োজন করতে হবে। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা |
| ১৩. | ডিএনসিসি'র বিভিন্ন এলাকা পরিদর্শনকালীন সময়ে মাননীয় মেয়র কর্তৃক প্রদানকৃত বক্তব্য লিপিবদ্ধ করতে হবে। লিপিবদ্ধকৃত বক্তব্যের কপি আবশ্যিকভাবে মাননীয় মেয়র এর দপ্তর এবং প্রধান নির্বাহী | জনসংযোগ কর্মকর্তা<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |

| | | |
|---|---|---|
| | কর্মকর্তার দপ্তরে প্রেরণ করতে হবে। | |
| ১৪. | প্রত্যেক বিভাগ/শাখায় গ্রহণকৃত পত্র সংখ্যা, নিষ্পত্তিকৃত পত্রের সংখ্যা এবং অনিষ্পত্তিকৃত পত্রের সংখ্যার তালিকা কারণসহ সভায় উপস্থাপন করতে হবে। | বিভাগীয় প্রধান (সকল)<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| ১৫. | বিভাগ/শাখায় গ্রহণকৃত পত্র/নথি আবশ্যিকভাবে ০৩ কার্যদিবসের মধ্যে উপস্থাপন করতে হবে। | বিভাগীয় প্রধান (সকল)<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| ১৬. | সলিড ওয়েস্ট ম্যানেজম্যান্ট প্রবিধানমালার খসড়া আগামী ৩০ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে প্রস্তুত করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |
| ১৭. | পোস্টার টানানোর জন্য প্রতিটি ওয়ার্ডে ০২টি করে ডিএনসিসি'র ৫৪টি ওয়ার্ডে ১০৮টি জায়গা নির্ধারণ করতে হবে। | প্রধান নগর পরিকল্পনাবিদ |
| ১৮. | বেসরকারি বাজার ব্যবস্থাপনা প্রবিধানমালা আগামী ০৭ (সাত) দিনের মধ্যে সংশোধন করে উপস্থাপন করতে হবে। | প্রধান সম্পত্তি কর্মকর্তা |
| ১৯. | ডিএনসিসি'র আওতাধীন এলাকায় ছাদ বাগানের নীতিমালা এবং ছাদ বাগান মালিকদের রেয়াত প্রদান সংক্রান্ত নীতিমালা প্রণয়নের জন্য কমিটি গঠনের প্রস্তাব প্রেরণ করতে হবে। | প্রধান রাজস্ব কর্মকর্তা |
| ২০. | মিরপুরের এভিনিউ-৪ এ উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করতে হবে। | প্রধান সম্পত্তি কর্মকর্তা<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৪ |
| ২১. | প্রধানমন্ত্রীর কার্যালয়ের সামনে অবস্থিত ঝিনুক ফোয়ারা চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী |
| ২২. | সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নির্দিষ্ট সময়সীমা উল্লেখ করতে হবে। | সচিব |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আতিকুল ইসলাম
মেয়র
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ও
সভাপতি
আন্তঃবিভাগীয় সমন্বয় সভা

নং:৪৬.১০.০০০০.০০৬.০৬.২৬৫.২০২০.- ৫২৪

তারিখ: ০৬/১০/২০২২ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং ........./সংরক্ষিত আসন নং ............, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. বিভাগীয় প্রধান (সকল), ............................. ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল ..........ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. অফিস কপি।

০৬/১০/২০২২
মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন